



**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
পাগলাপীর, রংপুর।**

স্মারক নং-২৭.১২.৮৫৪৯.৫২২.০১.০১৩.২৩. ৪৮০৭

টেলিফোন নম্বর: ০২৫৮৮৮৭৮২৬৭

ই-মেইল: gmrpbs2@gmail.com

ওয়েব সাইট: www.pbs2.rangpur.gov.bd

তারিখ: ১৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ।  
৩০ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**“জমি ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি”**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত “বাপবিবের বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থার ক্ষমতাবর্ধন (রাজশাহী ও রংপুর বিভাগ)” শীর্ষক প্রকল্পের আওতায় রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য ০২ (দুই) টি ৩০/১১ কেভি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী স্থানসমূহে জমি ক্রয় করা হবে। বর্ণিত মৌজাগুলোতে জমি বিক্রয়ে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বৈদ্যুতিক উপকেন্দ্রের নাম	উপজেলার নাম	জমির অবস্থান ও বিবরণ	নৃন্যতম জমির পরিমাণ
০১	বদরগঞ্জ-৩ (লালদিঘী), ৩০/১১ কেভি, ১০ এমভিএ ইনডোর উপকেন্দ্র	বদরগঞ্জ	লালদিঘী-সৈয়দপুর রাস্তা সংলগ্ন বদরগঞ্জ উপজেলার মৌজাগাছ মৌজায়	৪০ শতাংশ বা তদুর্ধি
০২	রংপুর-৭ (শ্যামপুর), ৩০/১১ কেভি, ১০ এমভিএ ইনডোর উপকেন্দ্র	রংপুর সদর	শ্যামপুর-পালিচড়া রাস্তা সংলগ্ন রংপুর সদর উপজেলার কেশবপুর মৌজায়	৪০ শতাংশ বা তদুর্ধি

**শর্তাবলী**

- ০১। প্রতিটি বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য জমি উল্লেখিত মৌজাসমূহের মহাসড়ক/পাকা সড়ক সংলগ্ন স্থানে এবং বৈদ্যুতিক লোড পয়েন্টের কেন্দ্রে হতে হবে। রাস্তার পাশের সম্মুখভাগে জমির দৈর্ঘ্য কমপক্ষে ১০০ ফুট হতে হবে (কম/বেশী হলে বাস্তব অবস্থার প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে);
- ০২। একটি দাগে বর্ণিত সাইজ/পরিমাণের জমি পাওয়া না গেলে পার্শ্ববর্তী কয়েকটি দাগের মালিকগণ একত্রে দরপত্র/আবেদন দাখিল করতে পারবেন।
- ০৩। জমি নিষ্কাটক হতে হবে। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ-
  - (ক) স্থানীয় আমিন দ্বারা প্রস্তুতকৃত জমির দৈর্ঘ্য ও প্রস্থ এর লে-আউট।
  - (খ) জমির দলিল ও ভায়া দলিলের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
  - (গ) মালিকানার স্বপক্ষে সি. এস/এস.এ এবং আর.এস খতিয়ান ও পার্চার ফটোকপি।
  - (ঘ) জমির এবং মৌজাম্যাপের ফটোকপি।
  - (ঙ) দৈর্ঘ্য×প্রস্থ উল্লেখ করে জমির নকশা (প্লট আকারে)।
  - (চ) প্রতি শতাংশ জমির একক মূল্য ও মোট মূল্য (টাকায়) উল্লেখসহ দর দাখিল করতে হবে।
- ০৪। জমি ক্রয়ের নির্ধারিত কমিটি কর্তৃক নেগোসিয়েশন মাধ্যমে জমির মালিক/মালিকগণের সাথে বিক্রিত দর নির্ধারণ করা হবে।
- ০৫। জমির মূল্য জমির মালিকের নাম “একাউন্ট পেয়ী চেক” এর মাধ্যমে রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পরিশোধ করা হবে এবং জমি রেজিস্ট্রেশনের সময় যাবতীয় ব্যয় সরকারি নিয়মানুযায়ী ক্রেতা/বিক্রেতা কর্তৃক বহন করা হবে।

এমতাবস্থায়, বর্ণিত এলাকাসমূহের উল্লেখিত পরিমাণ জমি বিক্রয়ের জন্য আগ্রহী একক/একাধিক জমির মালিক/মালিকগণকে আগামী ২১/১১/২০২৩ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র “জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, পাগলাপীর, রংপুর” বরাবর আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র মুখবক্ত খামে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিস্তারিত তথ্যের জন্য “জেনারেল ম্যানেজার এর কার্যালয়, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পাগলাপীর, রংপুর” এই ঠিকানায় যোগাযোগ করা যাবে।

—১—

(মোঃ খুরশীদ আলম)

জেনারেল ম্যানেজার (চাপদাঃ)

=গাত্র-০২=

অনুলিপি: সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

- (০১) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- (০২) জেলা প্রশাসক, রংপুর।
- (০৩) পুলিশ সুপার, রংপুর।
- (০৪) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তি বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (০৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাপবিবোর্ড, রংপুর জোন, রংপুর।
- (০৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৮।
- (০৭) মেয়র, পৌরসভা কার্যালয়, রংপুর।
- (০৮) নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবোর্ড, রংপুর।
- (০৯) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনগদ/গণপুর্ত, রংপুর।
- (১০) উপজেলা নির্বাহী অফিসার, রংপুর।
- (১১) ডিজিএম, (সকল), রংপুর পবিস-২।
- (১২) এজিএম (সকল), রংপুর পবিস-২।
- (১৩) এজিএম (আইটি), রংপুর পবিস-২ (বিজ্ঞপ্তি সমিতির ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- (১৪) মেসার্স-----।
- (১৫) নোটিশ বোর্ড, রংপুর পবিস-২।
- (১৬) দাপ্তরিক নথি।

(মোঃ খুরশীদ আলম)

জেনারেল ম্যানেজার (চাঁদাঃ)

১/৩১৮/১২৬